



ডেঙ্গুতে আরও ৫ মৃত্যু, নতুন করে হাসপাতালে ৬৩৬ জন



সংগৃহীত ছবি

ডেঙ্গু পরিস্থিতি আবারও উদ্বেগ বাড়িয়েছে। গত ২৪ ঘণ্টায় সারাদেশে এ রোগে আরও ৫ জনের মৃত্যু হয়েছে এবং নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ৬৩৬ জন। স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম জানায়, নতুন আক্রান্তদের মধ্যে বরিশালে ৭৫, চট্টগ্রামে ৯৫, ঢাকা বিভাগের বাইরে ১১৬, ঢাকা উত্তর সিটিতে ১৪৭, দক্ষিণ সিটিতে ৭৪, খুলনায় ৫৬, ময়মনসিংহে ৪৫, রাজশাহীতে ১৭, রংপুরে ২ এবং সিলেটে ৯ জন রয়েছেন। এ সময় সারা দেশে ৮০৩ জন রোগী সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন। চলতি বছর ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৮২ জনে, আর এ পর্যন্ত হাসপাতালে ভর্তি হয়েছেন মোট ৯৪ হাজার ৪০২ জন।

LENS ASIA